দৈনিক ইত্তেফাক

তারিখ 27 JAN 2016
পৃষ্ঠা ২৫ কলাম ৭

# কিশোরীগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়ে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

■ কিশোরগঞ্জ (নীলফামারী) সংবাদদাতা

নীলফামারীর কিশোরগঞ্জ উপজেলা সদরের কিশোরীগঞ্জ বহুমুখী মডেল উচ্চ বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণি ছাড়াও নবম শ্রেণি পর্যন্ত ভর্তিতে অতিরিক্ত ফি নেয়ার অভিযোগ পাওয়া গেছে।

অভিভাবকরা অভিযোগ করেছেন—মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে মফস্বল এলাকার স্কুলগুলোর জন্য সেশন ফি'সহ ৫০০ টাকা ভর্তি ফি নির্ধারণ করে দেয়া হলেও তা মানছে না বিদ্যালয় কর্তৃপক্ষ। ষষ্ঠ শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তি ফি আদায় করা হচ্ছে এক হাজার ১০০ টাকা থেকে এক হাজার ৫০০ টাকা পর্যন্ত। ফলে অভিভাবকরা তাদের ছেলে-মেয়েদের কাঙ্ক্ষিত স্কুলে ভর্তি করতে গিয়ে হিমশিম খাচ্ছেন।

ষষ্ঠ শ্রেণিতে ভর্তি ইচ্ছুক ছাত্র হাবিবুরের বাবা আব্দুল হাকিম বলেন, 'ছেলেকে ভর্তি করতে এসে অতিরিক্ত ফি'র কথা শুনে ঘাবড়ে গিয়েছিলাম। কিন্তু কী করব—ছেলের ইচ্ছা এই স্কুলে ভর্তি হবে। তাই স্কুল কর্তৃপক্ষের নির্ধারিত ফি ১ হাজার ১০০ টাকা দিয়ে ভর্তি করিয়েছি।' উত্তর দুরাকুটি গ্রামের অভিভাবক সাজ্জাদ মিয়া বলেন, 'বিদ্যালয় কর্তৃপক্ষ শ্রেণিভেদে বিভিন্ন ফি'র নামে এক হাজার ১০০ থেকে এক হাজার ৫০০ টাকা আদায় করছে।' বাপাই মামুদ, কাশেম আলী, মাজেদুল ইসলামসহ অনেক অভিভাবকও একই অভিযোগ করেছেন।

এ বিষয়ে কিশোরীগঞ্জ বহুমুখী মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম আজম এবং ম্যানেজিং কমিটির সভাপতি সাবুল হোসেন জানান, জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সাথে আলোচনা করে ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তরিকুল ইসলাম বলেন, 'অতিরিক্ত ভর্তি ফি নেয়ার বিষয়ে আমি অবগত নই।'